



নম্বর: ২৮.০০.০০০০.০১৭.১৯৯.২৮৯.১৭ * ২১ ১১

তারিখ: ১৪ জুলাই ২০২১ খ্রি.

অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ জুলাই ২০২১ তারিখের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮ মূলে ১৪ জুলাই ২০২১ তারিখ মধ্যরাত হতে ২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬:০০ ঘটিকা পর্যন্ত মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ জুন ২০২১ তারিখের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩ এবং মন্ত্রিপরিষদ বিভাগের ০৫ জুলাই ২০২১ তারিখের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২১৩ মূলে আরোপিত সকল বিধি-নিষেধ শিথিল করা হয়েছে। বর্ণিত সময়কালীন কমিশনের জরুরী কার্যক্রম চলমান থাকবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ জুলাই ২০২১ তারিখের প্রজ্ঞাপণে করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের পরিস্থিতি বিবেচনায় শর্তসাপেক্ষে ২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ৬:০০ ঘটিকা হতে ০৫ আগস্ট ২০২১ তারিখ দিবাগত রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি অফিস বন্ধ থাকবে মর্মে প্রজ্ঞাপণ জারি করা হয়েছে।

৩। কমিশনের দাপ্তরিক কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগের উপরোক্ত প্রজ্ঞাপণ মোতাবেক ২৩ জুলাই ২০২১ হতে ০৫ আগস্ট ২০২১ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে। তবে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত শর্তাবলীর ক্রমিক ২.১০ অনুযায়ী জরুরি পরিসেবার আওতায় (বিদ্যুৎ, গ্যাস/জ্বালানি) কমিশনের কার্যক্রমের সাথে সম্পৃক্ত ইউটিলিটিসমূহের প্রয়োজনে কমিশনের কার্যক্রম শর্তাবলীর ক্রমিক ২.৯ অনুযায়ী জরুরি প্রয়োজনে ভার্চুয়ালি (ই-নথি, ই-টেন্ডারিং, ই-মেইল, SMS, WhatsApp-সহ অন্যান্য মাধ্যম) সম্পন্ন করা হবে।

৪। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আরোপিত বিধি-নিষেধকালীন কমিশনের কর্মকর্তা-কর্মচারীগণ আবশ্যিকভাবে কর্মস্থলে অবস্থান করবেন।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


রুবিনা ফেরদৌসী
সচিব

বিইআরসি

ফোন: ০২-৫৫০১৪০০৭

ইমেইল: secy@berc.org.bd

বিতরণ:

- ১। পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
- ২। উপপরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক (আইন/আইসিটি), বিইআরসি, ঢাকা। [অফিস আদেশটি কমিশনের ওয়েবসাইটে প্রকাশের জন্য]
- ৫। কর্মচারী (সকল), বিইআরসি, ঢাকা।

নম্বর: ২৮.০০.০০০০.০১৭.১৯৯.২৮৯.১৭ * ২১ ১১

তারিখ: ১৪ জুলাই ২০২১ খ্রি.

অনুলিপি:

- ১। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
- ২। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

স্বা:

রুবিনা ফেরদৌসী
সচিব, বিইআরসি।